# বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলে সৃষ্ট আকস্মিক বন্যা সম্পর্কিত বিশেষ প্রতিবেদন (২১/০৮/২০২৪ খ্রিঃ)

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৬ আগস্ট, ২০২৪ তারিখ উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলে একটু মৌসুমি লঘুচাপ সৃষ্ট হয়। লঘুচাপটি বাংলাদেশের দক্ষিণ-পূর্ব উপকূলের দিকে অগ্রসর হয়ে ১৮ আগস্ট সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয় এবং ১৯ আগস্ট লঘুচাপে হ্রাস পায়।

লঘুচাপটির প্রাথমিক গতিপথ ভারতের পশ্চিমবঙ্গ হয়ে বিহারের দিকে থাকলেও পরবর্তীতে দিক পরিবর্তন করে ২০ আগস্ট বাংলাদেশের মধ্যাঞ্চলে ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছিল। লঘুচাপটি বর্তমানে দূর্বল হয়ে বিলীন হয়ে গিয়েছে।

এই মৌসুমী লঘুচাপের প্রভাবে বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও ভারতের ত্রিপুরা অঞ্চলে ১৯ আগস্ট হতে ভারি বৃষ্টিপাত শুরু হয়। ২০ আগস্ট সকাল ৬টার তথ্য অনুযায়ী ভারতের ত্রিপুরার আগরতলায় ৭৬ মি.মি., কৈলাশহরে ১৭০ মি.মি., অমরপুরে ২৬৭ মি.মি., বেলুনিয়ায় ১৪৬ মি.মি., সোনামুরায় ১৪৪ মি.মি. বারিপাত রেকর্ড করা হয়। ২০ আগস্ট সকাল ৯ টার তথ্য অনুযায়ী বাংলাদেশের পরশুরামে ৩০৪ মি.মি., মনু রেলওয়ে ব্রিজে ২৩৮ মি.মি., কুমিল্লায় ২১০ মি.মি., কমলগঞ্জে ১৬৩ মি.মি., চাঁদপুর বাগানে ১৫২ মি.মি. ছাড়াও এই অঞ্চলের আরও স্টেশনে ভারি বৃষ্টিপাত রেকর্ড করা হয়।

এই বৃষ্টিপাতের ফলে মুহুরি, হালদা, ফেণী, খোয়াই, ধলাই, মনু নদীর পানিসমতল বৃদ্ধি পাওয়া শুরু করে এবং ২০ তারিখ দিবাগত রাত হতে সংলগ্ন বিভিন্ন নিম্নাঞ্চল আকস্মিক বন্যায় প্লাবিত হওয়া শুরু করে।

- <u>মুহুরি নদী পরশুরাম পয়েন্টে ২০ তারিখ দিবাগত রাতে বিপদসীমা অতিক্রম করে।</u>
- <u>হালদা নদী নারায়ণহাট পয়েন্টে ২০ তারিখ সন্ধ্যায় বিপদসীমা অতিক্রম করে।</u>
- <u>ফেনী নদী রামগড় পয়েন্টে ২১ তারিখ সকালে বিপদসীমা অতিক্রম করে।</u>
- <u>খোয়াই নদী বল্লাহ পয়েন্টে ২০ তারিখ ভোরে ও হবিগঞ্জ পয়েন্টে ২০ তারিখ দুপুরে বিপদসীমা অতিক্রম করে।</u>
- <u>ধলাই নদী কমলগঞ্জ পয়েন্টে ২০ তারিখ সকালে বিপদসীমা অতিক্রম করে।</u>
- <u>মনু নদী মনুরেল-ব্রিজ ও মৌলভীবাজার পয়েন্টে ২০ তারিখ দুপুরে বিপদসীমা অতিক্রম করে।</u>

পরশুরাম নদী মুহুরি পয়েন্টে ২০ আগস্ট বিকাল ৫টায় সর্বোচ্চ ১৩.৪৩ মিটার MSL এ পৌঁছায়। পরশুরাম পয়েন্টে সর্বোচ্চ রেকর্ডকৃত পানি সমতল ১৪.৭৯ মিটার MSL (২০০৪ ও ২০১৮ সাল)। উল্লেখ্য, ২০ আগস্ট রাত ১২ ঘটিকায় মুহুরী নদী উজানে ভারতের বিলোনিয়া (দক্ষিণ ত্রিপুরা) পয়েন্টে সর্বোচ্চ রেকর্ডকৃত পানি সমতল (১৭.৩২ মিটার) অতিক্রম করে ১৮.১২ মিটারে পৌঁছে, যা ঐ পয়েন্টের বিপদসীমার ৩১২ সেমি. উপরে।

খোয়াই নদী হবিগঞ্জ পয়েন্টে ২১ আগস্ট দুপুর ১টায় পূর্বের রেকর্ডকৃত সর্বোচ্চ পানিসমতল ১০.৯৩ মিটার MSL (২০ জুন, ২০১৭) অতিক্রম করে ১১.০০ মিটার MSL এ পৌঁছায়, যা বিপদসীমার ১৯৫ সে.মি. উপরে।

# ছক-১: পরশুরাম পয়েন্টে মুহুরী নদীর পানি সমতল তথ্য

পানিসমতল (মিটার MSL)
১২ ঘন্টায় হ্রাস/বৃদ্ধি
বিপদসীমার উপর/নিচ

| তারিখ/সময় | পরশুরাম (মুহরি) | রামগড় (ফেনী) | নারায়ণহাট (হালদা) | বল্লাহ (খোয়াই) | হবিগঞ্জ (খোয়াই) | মনুব্রীজ (মনু) | মৌলভীবাজার (মনু) | কমলগঞ্জ (ধলাই) |
|---|---|---|---|---|---|---|---|---|
| **বিপদসীমা** | **১২.৫৫** | **১৬.৯০** | **১৪.৮** | **২১.২০** | **৯.০৫** | **১৭.৫৫** | **১১.৩০** | **১৯.৩৫** |
| ১৭ আগস্ট ২০২৪<br>সকাল ০৬:০০ | ৭.২৫<br>(+১৫)<br>(-৫৩০) | ১২.৯৪<br>(-৭২)<br>(-৩৯৬) | ১১.৫০<br>(+২১৫)<br>(-৩৩০) | ১৯.৮০<br>(-১০)<br>(-১৪০) | ৫.৪০<br>(-১০)<br>(-৩৬৫) | ১৫.১৯<br>(-১৩৮)<br>(-২৩৬) | ১০.২৪<br>(-৫৪)<br>(-১০৬) | ১৬.৭০<br>(+৬)<br>(-২৬৫) |
| ১৭ আগস্ট ২০২৪<br>সন্ধ্যা ০৬:০০ | ৮.৮৮<br>(+১৬৩)<br>(-৫৩০) | ১২.৯৫<br>(+১)<br>(-৩৯৬) | ১২.৬০<br>(+১১০)<br>(-৩৩০) | ১৯.৭৭<br>(-৩)<br>(-১৪০) | ৫.৩৬<br>(-৪)<br>(-৩৬৫) | ১৫.০৫<br>(-১৪)<br>(-২৩৬) | ১০.১১<br>(-১৩)<br>(-১০৬) | ১৬.৭৪<br>(+৪)<br>(-২৬৫) |
| ১৮ আগস্ট ২০২৪<br>সকাল ০৬:০০ | ১০.৫৮<br>(+১৭০)<br>(-৩৬৭) | ১৩.১৫<br>(+২০)<br>(-৩৯৫) | ১২.৪০<br>(-২০)<br>(-২২০) | ২০.৬<br>(+৮৩)<br>(-১৪৩) | ৫.২৫<br>(-১১)<br>(-৩৬৯) | ১৪.৬৫<br>(-৪০)<br>(-২৫০) | ৯.৪৫<br>(-৬৬)<br>(-১১৯) | ১৬.৭৪<br>(০)<br>(-২৬১) |
| ১৮ আগস্ট ২০২৪<br>সন্ধ্যা ০৬:০০ | ৯.৫৮<br>(-১০০)<br>(-১৯৭) | ১৩.১৬<br>(+১)<br>(-৩৭৫) | ১২.৫৩<br>(+১৩)<br>(-২৪০) | ২০.৯০<br>(+৩০)<br>(-৬০) | ৫.৩০<br>(+৫)<br>(-৩৮০) | ১৪.৭১<br>(+৬)<br>(-২৯০) | ৯.৩৬<br>(-৯)<br>(-১৮৫) | ১৬.৬৯<br>(-৫)<br>(-২৬১) |
| ১৯ আগস্ট ২০২৪<br>সকাল ০৬:০০ | ৯.০৮<br>(-৫০)<br>(-২৯৭) | ১৩.৬৬<br>(+৫০)<br>(-৩৭৪) | ১২.৭৮<br>(+২৫)<br>(-২২৭) | ২০.৬৫<br>(-২৫)<br>(-৩০) | ৫.৭০<br>(+৪০)<br>(-৩৭৫) | ১৪.১৮<br>(-৫৩)<br>(-২৮৪) | ৯.১০<br>(-২৬)<br>(-১৯৪) | ১৬.০৫<br>(-৬৪)<br>(-২৬৬) |
| ১৯ আগস্ট ২০২৪<br>সন্ধ্যা ০৬:০০ | ১০.২৮<br>(+১২০)<br>(-৩৪৭) | ১৩.৭৮<br>(+১২)<br>(-৩২৪) | ১৩.৭০<br>(+৯২)<br>(-২০২) | ২০.৫০<br>(-১৫)<br>(-৫৫) | ৫.৬৫<br>(-৫)<br>(-৩৩৫) | ১৪.০৯<br>(-৯)<br>(-৩৩৭) | ৯.০৫<br>(-৫)<br>(-২২০) | ১৫.৯০<br>(-১৫)<br>(-৩৩০) |
| ২০ আগস্ট ২০২৪<br>সকাল ০৬:০০ | ১৩.০০<br>(+২৭২)<br>(-২২৭) | ১৫.২৮<br>(+১৫০)<br>(-৩১২) | ১৩.৯০<br>(+২০)<br>(-১১০) | ২১.৫০<br>(+১০০)<br>(-৭০) | ৭.৩০<br>(+১৬৫)<br>(-৩৪০) | ১৬.৬০<br>(+২৫১)<br>(-৩৪৬) | ১০.৪৭<br>(+১৪২)<br>(-২২৫) | ১৯.২৮<br>(+৩৩৮)<br>(-৩৪৫) |
| ২০ আগস্ট ২০২৪<br>সন্ধ্যা ০৬:০০ | ১৩.৪০<br>(+৪০)<br>(+৮৫) | ১৫.৪০<br>(+১২)<br>(-১৬২) | ১৩.৮৫<br>(-৫)<br>(-৯০) | ২২.৬০<br>(+১১০)<br>(+৩০) | ৯.০০<br>(+১৭০)<br>(-১৭৫) | ১৭.৪০<br>(+৮০)<br>(-৯৫) | ১১.১৩<br>(+৬৬)<br>(-৮৩) | ১৯.৫৯<br>(+৩১)<br>(-৭) |
| ২১ আগস্ট ২০২৪<br>সকাল ০৬:০০ | ১৩.৪২<br>(+২)<br>(+৮৫) | ১৭.২৫<br>(+১৮৫)<br>(-১৫০) | ১৫.৮৮<br>(+২০৩)<br>(-৯৫) | ২৩.১৫<br>(+৫৫)<br>(+১৪০) | ১০.৮০<br>(+১৮০)<br>(-৫) | ১৮.৪০<br>(+১০০)<br>(-১৫) | ১১.৮৬<br>(+৭৩)<br>(-১৭) | ১৯.৮১<br>(+২২)<br>(+২৪) |

# ছক-২: ২৪ ঘণ্টায় বারিপাত (মিমি.) (সকাল ৯.০০টা)

| তারিখ | পরশুরাম | অমরপুর | বিলোনিয়া | সুনামুরা | মনুঘাট | কুমারঘাট |
|---|---|---|---|---|---|---|
| ১৮ আগস্ট ২০২৪ | ২১.০ | ১৯.৬০ | ২৪.০ | ২১.০ | ৮.৭৯ | ১.৪ |
| ১৯ আগস্ট ২০২৪ | ৬৯.০ | ৩০.২০ | ৬২.৪০ | ৪১.০ | ৪.২ | ১৯.৪০ |
| ২০ আগস্ট ২০২৪ | ৩০৪.০ | ২৬৭.০ | ১৪৬.০ | ১৪৩.৬ | ১৬১.০ | ১৭২.২০ |
| ২১ আগস্ট ২০২৪ | ৫৭.০ | ৩৭.৪ | ৪৬.৪ | ১২.৮৩ | ৫৬.২ | ৩৮.৮০ |